দৈনিক ইত্তেফাক

13 JUN 1993

১২ ... ৬ ...

১৭৭

## শিক্ষা সচিবের সাথে সরকারী কলেজ অধ্যাপক সমিতির কর্মকর্তাদের সাক্ষাৎ

বাংলাদেশ সরকারী কলেজ প্রভাষক সমিতি ও বাংলাদেশ সরকারী কলেজ অধ্যাপক সমিতির আহ্বানে শিক্ষাভবন, বোর্ড অফিস ও ২৩৩টি সরকারী কলেজে শিক্ষকবৃন্দ কালো ব্যাজ ধারণ ও দুইঘন্টা প্রতীক কর্মবিরতি ৪র্থ দিনের মতন পালন করেন। গতকাল কেন্দ্রীয় নেতৃবৃন্দ শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হক, অতিরিক্ত সচিব বেগম খোদেজা আযম

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষা সচিবের সাথে

(শেষ পৃঃ পর)

অর্থ উপ-সচিব মোঃ এমদাদ হোসেন, উচ্চ শিক্ষা পরিচালক ডঃ শামসুদ্দোহার সঙ্গে সাক্ষাৎ করেন। পদসৃষ্টি, রেট্রোসপেকটিভ ইফেক্ট, প্রদর্শকদের প্রভাষক পদে পদোন্নতিসহ ১২ দফা অতি জরুরী-ভাবে প্রক্রিয়াকরন করার জন্য সচিব নির্দেশ দান করেন। স্ব স্ব কলেজে শিক্ষকবৃন্দ উচ্চ মাধ্যমিক পরীক্ষা গ্রহণ করিতে পারিবেন—এই নির্দেশ জারির জন্য তাকে ধন্যবাদ জানানো হয় এবং শিক্ষামন্ত্রীর প্রতি অভিনন্দন জানানো হয়। সকল শিক্ষককে দুইঘন্টা প্রতীক কর্মবিরতি ও কালোব্যাজ ধারণ কর্মসূচী পালন করিতে অনুরোধ জানানো হইয়াছে। পরীক্ষাসমূহ এই কর্মসূচীর আওতা বহির্ভূত থাকিবে।

—প্রেস বিজ্ঞপ্তি

OF ___ SHEETS